.(8



া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫৪

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেই সাহাবীর ব্যাপারে বলেছেন 'দুটি সেক দেওয়ার মাধ্যম' এবং 'তিনটি সেক দেওয়ার মাধ্যম' এর দ্বারা উদ্দেশ্য হলো সে ব্যক্তি সম্পদ বৃদ্ধি করার জন্য নাছোড়বান্দা হয়ে মানুষের কাছে ভিক্ষাবৃত্তি করতো

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (كَيَّتَانِ) وَ (ثَلَاثُ كَيَّاتٍ) أَرَادَ بِهِ أَنَّ الْمُتَوَفِّى كَانَ يَسْأَلُ النَّاسَ إلحافاً وتكثراً

আরবী

3254 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّتَنَا فُضَيْلُ بْنُ سُلَيْمَانَ حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ أَبِي يَحْيَى الْأَسْلَمِيُّ عَنْ أَبِيهِ: عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: بَيْنَمَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُقَسِّمُ ذَهَبًا إِذَ أَتَاه رجل فقال: يارسول اللَّهِ أَعْطِنِي فَأَعْطَاهُ ثُمَّ قَالَ: زِدْنِي فَزَادَهُ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ وَلَى مُدْبِرًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ: زِدْنِي فَزَادَهُ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ وَلَى مُدْبِرًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَأْتِينِي الرَّجُلُ فيسألُني فَأُعْطِيهِ ثُلَاثَ مَرَّاتٍ ثُمَّ وَلَى مُدْبِرًا وَقَدْ جَعَلَ (يَأْتِينِي الرَّجُلُ فيسألُني فَأُعْطِيهِ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ وَلَى مُدْبِرًا وَقَدْ جَعَلَ فِي تَوْبِهِ نِارًا إِذَا أَنقلب إلى أَهله) في تَوْبِهِ ناراً إذا أنقلب إلى أهله) الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$254 ا خلاصة حكم المحدث: صحيح – ((التعليق الرغيب)) (2/

বাংলা

৩২৫৪. আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন স্বর্ণ বন্টন করছিলেন, এমন সময় এক ব্যক্তি তাঁর কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমাকে দিন।" অতঃপর তিনি তাকে প্রদান করেন। তারপর সেই ব্যক্তি বলেন, "আমাকে আরেকটু বাড়িয়ে দিন।" অতঃপর তিনি তিনবার তাকে বাড়িয়ে দেন। তারপর সে ব্যক্তি পৃষ্ঠ প্রদর্শন করে চলে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আমার কাছে এক ব্যক্তি এসে সাহায্য চায়।



অতঃপর আমি তাকে প্রদান করি। তারপর সে আমার কাছে আবার চায়। আমি তাকে তিনবার সাহায্য প্রদান করি। তারপর সে পৃষ্ঠ প্রদর্শন করে চলে যায়। মহান আল্লাহ তার কাপড়ে আগুন রেখে দিয়েছেন, যখন সে বাড়ি চলে যায়।"[1]

ফুটনোট

[1] হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন